STEPPING STONE SCHOOL (HIGH)
Class - II
Sub - IInd Language (BENGALI)
WORKSHEET - 15 DATE - 4.06.20
TOPIC - YA (J) যোগে শব্দ
Time Limit : 30 minutes
The work should be done on a clean sheet of paper arranged datewise and must be submitted in a file when the school reopens.

য-ফলা (্য) যোগে 'সত্যচরন' গল্পের এই স্তবকটি পড়বে:

'সত্যচরন মুখোপাধ্যায় একজন নামকরা চিকিৎসক, তিনি পড়াশোনায় খুব ভালো ছিলেন, তাঁর লেখাপড়া শুরু হয়েছিল কলকাতায় এক নামী বিদ্যালয়ে, তারপর চিকিৎসা বিষয় নিয়ে মহাবিদ্যালয়ে পড়াশোনা করে চিকিৎসক হয়েছেন, তবে তিনি শুধুই টাকা পয়সার জন্যে চিকিৎসা করবেন, এ অভিপ্রায় তাঁর কোনোদিনই ছিল না, বরং তিনি চেয়েছিলেন গরিব মানুষের পাশে দাঁড়াবেন, তাদের সেবা করবেন, তাদের কল্যাণ করবেন, সেজন্য তিনি নামী চিকিৎসক হয়েও চলে এসেছিলেন শ্যামচক নামে এক পাড়াগাঁয়ে, এখানে এসে তিনি রয়েছেন অনেকদিন ধরেই, সুপুরুষ, সৌম্য চেহারা এবং সদা হাস্যময় মানুষটির একটুও আলস্য নেই, ঘরে বসে নিত্যদিন বিরামহীনভাবে রোগী দেখে চলেছেন — এই দৃশ্যটি সকলেরই চেনা, সত্যচরন বাবুর মতো সৎ, সত্যবাদী ও পরোপকারী মানুষ খুব বেশি দেখা যায় না, তাই গরিব মানুষেরা তাঁকে 'ভগবান', 'দেবতা' ইত্যাদি আখ্যা দিয়েছে, সকলে বলে আপনি গরিবের দেবতা, আমরা খুবই ভাগ্যবান, তাই আপনার মতো মানুষকে আমাদের মধ্যে পেয়ে ধন্য হয়েছি।

'সত্যচরন' গল্পের এই স্তবকটির থেকে (্য) যোগে শব্দগুলি লিখবে।